

ব্র্যাক ইউনিভার্সিটিতে আন্তর্জাতিক কর্মশালা

নিজস্ব প্রতিবেদক, বিডি নিউজ টোয়েন্টিফোর ডটকম

Published: 26 Dec 2019 09:15 PM BDST



ব্র্যাক ইউনিভার্সিটিতে এক আন্তর্জাতিক কর্মশালা হয়েছে।

কম্পিউটার ভিশন, কৃত্রিম বুদ্ধিমত্তা এবং মেশিন লার্নিং বিষয়ে শিক্ষাবিদ, শিল্প বিশেষজ্ঞ, সরকারি কর্মকর্তা, গবেষক ও শিক্ষার্থীদের জ্ঞান-অভিজ্ঞতা বিনিময় ও সম্ভাব্য সহযোগিতা বৃদ্ধি বিষয়ে এই কর্মশালা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে ইউনিভার্সিটির অডিটোরিয়ামে অনুষ্ঠিত কর্মশালার শিরোনাম ছিল ‘ইন্টারন্যাশনাল ওয়ার্কশপ অন কম্পিউটার ভিশন অ্যান্ড ইন্টেলিজেন্ট সিস্টেম বা আইডব্লিউসিভিআইএস-২০১৯।

কর্মশালার প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক মোহাম্মদ তামিম বলেন, “কৃত্রিম বুদ্ধিমত্তার মতো বিষয়গুলো এখন জীবনের অংশে পরিণত হয়ে গেছে। বাংলাদেশের মতো দেশগুলোও প্রযুক্তির ব্যবহারের ক্ষেত্রে খুব একটা পিছিয়ে নেই। উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে হলে উন্নত প্রযুক্তির সাথে খাপ খাইয়ে চলার বিকল্প নেই।”

প্রযুক্তির ব্যবহারের পাশাপাশি এর অপব্যবহার রোধেও সবাইকে সচেতন হওয়ার পরামর্শ দেন তিনি।

ইনস্টিটিউট অফ ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (আইইইই) কম্পিউটার সোসাইটি বাংলাদেশ চ্যাপ্টার, ব্র্যাক ইউনিভার্সিটির কম্পিউটার ভিশন অ্যান্ড ইন্টেলিজেন্ট সিস্টেম (সিভিআইএস) এবং বিশ্ববিদ্যালয়ের আইইইই স্টুডেন্ট ব্র্যাঞ্চ যৌথভাবে কর্মশালার আয়োজন করে।

কর্মশালার ‘প্লেনারি টকস’ সেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাষ্ট্রের ওল্ড ডমিনিওন ইউনিভার্সিটির রিসার্চ অ্যান্ড গ্র্যাজুয়েট প্রোগ্রামের অধ্যাপক এবং অ্যাসোসিয়েট ডিন খান এম ইফতেখারউদ্দিন, জাপানের ওসাকা ইউনিভার্সিটির ডিপার্টমেন্ট অফ ইন্টেলিজেন্ট মিডিয়াম অ্যাসোসিয়েট প্রফেসর আতিকুর রহমান আহাদ এবং জার্মানির ডার্মস্ট্যান্ড ইউনিভার্সিটি অফ অ্যাপ্লাইড সায়েন্সের প্রফেসর রহমতউল্লাহ খন্দকার।

বিকেলে বিশ্ববিদ্যালয়ের গ্লোবাল ডেভেলপমেন্ট লার্নিং নেটওয়ার্ক (জিডিএলএন) এ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের শিক্ষক-গবেষক ও বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের কর্তাব্যক্তিদের নিয়ে অনুষ্ঠিত হয় প্যানেল আলোচনা।

এরপর বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় পোস্টার প্রেজেন্টেশন। বিচারকদের রায়ে সেরা তিনটি পোস্টারকে পুরস্কৃত করার মাধ্যমে দিনব্যাপী এই কর্মশালা শেষ হয়।

কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক শরিফ উদ্দিন। সভাপতিত্ব করেন ব্র্যাক ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ডেপুটি চেয়ারপারসন সাদিয়া হামিদ কাজী।